# সুনান আদ-দারাকুতনী

## হাদিস নাম্বারঃ ১৫২৯

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮২. কোন ব্যক্তির এক ওয়াক্তের নামায পড়া অবস্থায় অন্য ওয়াক্তের নামাযের কথা স্মরণ হলে

بَابُ الرَّجُلِ يَذْكُرُ صَلَاةً وَهُوَ فِي أُخْرَى

আরবী

حَدَّثَنَا جَعْفَرُ بْنُ مُحَمَّدٍ الْوَاسِطِيُّ ، ثَنَا مُوسَى بْنُ هَارُونَ ، ثَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ ، ثَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْجُمَحِيُّ عَنْ عُبَيْدِ اللَّهِ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ : إِذَا نَسِيَ أَحَدُكُمْ صَلَاةً فَلَمْ يَذْكُرْهَا إِلَّا وَهُوَ مَعَ الْإِمَامِ فَلْيُصَلِّ مَعَ الْإِمَامِ ، فَإِذَا فَرَغَ مِنْ صَلَاتِهِ فَلْيُصَلِّ الصَّلَاةَ الَّتِي نَسِيَ ثُمَّ لْيُعِدْ صَلَاتَهُ الَّتِي صَلَّى مَعَ الْإِمَامِ

قَالَ مُوسَى : وَثَنَاهُ أَبُو إِبْرَاهِيمَ التَّرْجُمَانِيُّ ، ثَنَا سَعِيدٌ وَرَفَعَهُ إِلَى النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَوَهِمَ فِي رَفْعِهِ ، فَإِنْ كَانَ قَدْ رَجَعَ عَنْ رَفْعِهِ فَقَدْ وُفِّقَ لِلصَّوَابِ

বাংলা

১৫২৯(২). জা’ফার ইবনে মুহাম্মাদ আল-ওয়াসিতী (রহঃ) ... ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, তোমাদের কেউ তার নামাযের কথা ভুলে গেলে এবং ইমামের সাথে (অন্য) নামায পড়া অবস্থায় তা তার স্মরণ হলে সে ইমামের সাথের নামায পড়ার পর ভুলে যাওয়া নামায পড়বে, তারপর ইমামের সাথের পড়া নামায পুনরায় পড়বে।

আবু মূসা (রহঃ) বলেন, এই হাদীস আবু ইবরাহীম আত-তারজুমানী (রহঃ) আমাদের নিকট বর্ণনা করেছেন, সাঈদ (রহঃ) আমাদের নিকট এই সূত্রে বর্ণনা করেছেন এবং তিনি তার সনদ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত উন্নীত করেছেন। সনদ উন্নীত করার ব্যাপারে তিনি সন্দেহের শিকার হয়েছেন। যদি তিনি তা মরফূরূপে বর্ণনা প্রত্যাহার করতেন তাহলে সেটাই যথার্থ হতো।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81318

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন